



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Work Sheet - 3

Class: 4



Subject: Bengali Grammar: (বোধশক্তির বিচার)

Date: 04/07/2020

নিচের অনুচ্ছেদটা ভাল করে পড়ে উত্তর গুলি লেখ:

মরুভূমি বালিরসমুদ্র । বালির ওপর দিয়ে অনেকক্ষণ হাঁটা যায় না । প্রতি মুহূর্তে পা বালির ভেতরে বসে যায় । দুপুরবেলায় মরুভূমিতে বালি এত গরম হয়ে যায় যে বালির উপর পা রাখা যায় না । এই মরুভূমিতে উটই হলো একমাত্র চলাচলের বাহন । এশিয়া ও আফ্রিকা মহাদেশের মরুভূমিতে উট দেখা যায় । উটের পায়ের তলা এবং পাতা এমনভাবে তৈরি যে, সে অনায়াসে উত্তপ্ত বালির উপর দিয়ে চলাফেরা করতে পারে । মরু অঞ্চলের ব্যবসায়ীরা তাই উটের পিঠে মাল চাপিয়ে এক জায়গা থেকে আর এক জায়গায় পণ্যদ্রব্য নিয়ে যায় । উটকে এইজন্য মরুভূমির জাহাজ বলে । পিঠে অনেকটা বোঝা নিয়ে চলতে উট অসুবিধা বোধ করে না । উটের দুধ ওমাংস মরুবাসীর খাদ্য । উটের লোম দিয়ে কাপড় তৈরি হয় । মরুভূমিতে মাঝে মাঝে বালির দুরন্ত ঝড় ওঠে । উট মরুভূমিতে বালিঝড়ের পূর্বাভাস বুঝতে পারে । পথিক মরীচিকাকে জল বলে ভুল করে , কিন্তু সে করে না । তাই পথিক ভুল পথে যেতে চাইলে ও সে যায় না । এভাবে সে মরুভূমিতে তৃষ্ণার্ত পথিকের জীবন বাঁচায় ।

প্রশ্ন—

- ১) মরুভূমিতে কী থাকে ?
- ২) মরুভূমিতে চলাচলের একমাত্র বাহন কী?
- ৩) প্রধানত কোন কোন মহাদেশের মরুভূমিতে উট দেখা যায় ?
- ৪) উটকে মরুভূমির জাহাজ কেন বলা হয় ?
- ৫) মরুবাসীদের প্রধান খাদ্য কী ?
- ৬) কী বিশেষ কারনের জন্য উট উত্তপ্ত মরুভূমিতে চলাফেরা করতে পারে ?

৭) ভারতে অবস্থিত একটি বড় মরুভূমির নাম লেখ ?

৮) শূন্যস্থান পূরণ কর -

ক) ---- অনেকটা বোঝা নিয়ে চলতে উট অসুবিধা বোধ করে না ।

খ) পথিক ---- জল বলে ভুল করে ।

গ) মরুভূমিতে মাঝে মাঝে ----দুরন্ত ঝড় ওঠে ।

৯) সঠিক শব্দটি খুঁজে বাক্যটি লেখ -

ক) এশিয়া এবং আফ্রিকা মহাদেশে (জঙ্গলে /মরুভূমিতে) উট দেখা যায় ।

খ) উটের (লোম /লালা) দিয়ে কাপড় তৈরি হয় ।

গ) উট মরুভূমিতে (ক্ষুদার্ত/তৃষণার্থ) পথিকের জীবন বাঁচায় ।

১০)বাক্য রচনা কর -

ক) মরুভূমি =

খ) অসুবিধা =

গ) পথিক =

ঘ) অনায়াসে =

১১) ঠিক বা ভুল লেখ ---

ক) রাত্রিবেলা মরুভূমিতে বালি খুব গরম থাকে ।

খ) মরুবাসীরা উটের দুধ পান করে ।

গ) গরুকে মরুভূমির জাহাজ বলে ।